

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)  
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০  
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০৩.২০.২০০

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

বিষয়: সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০২০ এর প্রিলিমিনারি টেস্টের ফলাফল সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর অধীনে বিগত ৩০ ও ৩১ ডিসেম্বর, ২০২২ তারিখে সপ্তদশ শিক্ষক নিবন্ধন পরীক্ষার প্রিলিমিনারি টেস্ট অনুষ্ঠিত হয়। প্রিলিমিনারি টেস্টে স্কুল-২, স্কুল ও কলেজ পর্যায়ে মোট ১১,৯৩,৯৭৮ জন পরীক্ষার্থী আবেদন করেন। পরীক্ষায় অংশগ্রহণকারী মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬,০৮,৪৯২ জন। তন্মধ্যে স্কুল-২ পর্যায়ের পরীক্ষার্থী ৯০,১৯১ জন, স্কুল পর্যায়ের পরীক্ষার্থী ৩,০২,৪২২ জন এবং কলেজ পর্যায়ে পরীক্ষার্থী ২,১৫,৮৭৯ জন। উক্ত প্রিলিমিনারি টেস্টের ফলাফল অদ্য ২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখ অপরাহ্নে প্রকাশ করা হয়। উত্তীর্ণ পরীক্ষার্থীর সংখ্যা স্কুল-২ পর্যায়ে ১৫,৩৭৯ জন, স্কুল পর্যায়ে ৬২,৮৬৪ জন এবং কলেজ পর্যায়ে ৭৩,১৯৩ জনসহ সর্বমোট ১,৫১,৪৩৬ জন। পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে সার্বিক পাসের হার ২৪.৮৯%।

পরীক্ষার ফলাফল <http://ntrca.teletalk.com.bd/result/> লিংক থেকে বিস্তারিত জানা যাবে। তাছাড়া কৃতকার্য প্রার্থীদেরকে টেলিটক বাংলাদেশ লিঃ হতে SMS-এর মাধ্যমেও ফলাফল জানিয়ে দেয়া হবে।

*SM-*

(এ বি এম শওকত ইকবাল শাহীন)  
সদস্য (যুগ্ম-সচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।  
ফোন: ৪১০৩০০৪৭

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০১.০০৩.২০.২০০/১(৩)

তারিখ: ০৯ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ  
২২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

### অনুলিপি সদয় অবগতির জন্য:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাননীয় মন্ত্রীর দপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
৩. সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ (বিজ্ঞপ্তিটি এনটিআরসিএ'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

*SM-*

২২.০২.২০২৩ খ্রিঃ  
(এ বি এম শওকত ইকবাল শাহীন)  
সদস্য (যুগ্ম-সচিব)  
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন  
এনটিআরসিএ, ঢাকা।